

## নির্বাচনী এলাকা ধরে শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন করা হবে

শিক্ষামন্ত্রী

### যুগান্তর রিপোর্ট

নির্বাচনী এলাকা ধরে শিক্ষা প্রতিষ্ঠান সংস্কার ও নতুন ভবন নির্মাণের উদ্যোগ নিয়েছে সরকার। প্রত্যেক নির্বাচনী এলাকায় ২০টি বেসরকারি হাই স্কুল ও ৬টি বেসরকারি মাদ্রাসার উন্নয়ন করা হবে। এছাড়া সংশ্লিষ্ট এলাকার সব সরকারি মাধ্যমিক স্কুল এবং কলেজও এ উন্নয়ন প্রক্রিয়ার অধীনে আনা হবে। এ লক্ষ্যে একটি প্রকল্প সংক্রান্ত অনুমোদন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

শনিবার রাজধানীর কাকরাইলে আইডিইবি মিলনায়তনে শিক্ষা প্রকৌশল অধিদফতর ডিপ্লোমা প্রকৌশলী সমিতির জাতীয় সম্মেলন ও ২১তম কাউন্সিল অধিবেশন উদ্বোধনকালে মন্ত্রী এই ঘোষণা করেন।

সুই অনুষ্ঠানে এ বিষয়ে তিনি বলেন, শিশুগিরি-শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা চূড়ান্ত করা হবে। পাশাপাশি প্রতিষ্ঠানের চাহিদা নিরূপণ করা হবে। এর মধ্যে যেটির নতুন ভবন লাগবে, তাদের সেটা দেয়া হবে। আর যেখানে নতুন ভবন প্রয়োজন নেই সেখানে বিদ্যমান ভবন সংস্কার করা হবে।

আয়োজক সমিতির সভাপতি মো. আমিনুল ইসলাম ভূঁইয়ান, সভাপতিত্বে এ অনুষ্ঠানে অন্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন শিক্ষা সচিব (রেটিন দায়িত্ব) এএস মাহমুদ, শিক্ষা প্রকৌশল অধিদফতরের (ইইডি) প্রধান প্রকৌশলী দেওয়ান মোহাম্মদ হানজালা, আইডিইবির সভাপতি এ কে এম এ হামিদ প্রমুখ। শিক্ষামন্ত্রী অনুষ্ঠানে বলেন, দেশের সব উপজেলায় শিক্ষা প্রকৌশল অধিদফতরের (ইইডি) কার্যালয় স্থাপন করা হবে। ইইডির ঢাকার কার্যালয় থেকে সারা দেশে শিক্ষা অবকাঠামোর নির্মাণকালীন তদারকি অত্যন্ত কঠিন। তাই উপজেলা পর্যায়ে ইইডি কার্যালয় সম্প্রসারণের উদ্যোগ নেয়া হয়েছে।